রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৩, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই অগ্রহায়ণ, ১৩৯৭/৩রা ডিসেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৪১৭-আইন/৯০।— জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ১৯৯০ (অধ্যাদেশ নং ২১, ১৯৯০) এর ধারা ৩এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জরুরী ক্ষমতা বিধিমালা, ১৯৯০-তে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর—

(১) বিদ্যমান বিধানটি উক্ত বিধির উপ-বিধি (১) রূপে সংখ্যায়িত হইবে ;

(২) উপ-বিধি (১) এর—

(ক) দফা (খ) এর শেষে দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (গ) সংযোজিত হইবে, যথাঃ—

"(গ) ডাক, বেতার, টেলিগ্রাম, টেলেক্স, ফ্যাক্স বা টেলিফোনের মাধ্যমে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোন শ্রেণীর ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোন বিষয়ে কোন বার্তা বা খবর প্রেরণ নিষিদ্ধ করিতে পারিবে।"; এবং



মূল্যঃ ৩০ পয়সা

(৩) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথাঃ—

"(২) যদি কোন ব্যক্তি এই বিধির অধীন প্রদত্ত কোন আদেশ লংঘন করেন, তাহা হইলে তিনি অনধিক তিন বৎসর সশ্রম কারাদণ্ডে, বা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় হইবেন।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আজিমউদ্দিন আহমদ
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার শাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।